# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ৭০৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৪. আহত ব্যক্তির ক্ষত স্থানে পট্টি বাঁধা এবং পানি ব্যবহার করার সামর্থ্য থাকা সত্ত্বেও তার জন্য তাইয়াম্মুম করা জায়েয

بَابُ جَوَازِ التَّيَمُّمِ لِصَاحِبِ الْجِرَاحِ مَعَ اسْتِعْمَالِ الْمَاءِ ، وَتَعْصِيبِ الْجُرْحِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُحَمَّدٍ بْنُ صَاعِدٍ ، وَأَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، قَالَا : نَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ بْنِ مَزْيَدٍ ، أَخْبَرَنِي أَبِي ، قَالَ : سَمِعْتُ الْأَوْزَاعِيَّ ، قَالَ : بَلَغَنِي عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ ؛ أَنَّهُ سَمِعَ ابْنَ عَبَّاسٍ يُخْبِرُ أَنَّ رَجُلًا أَصَابَهُ جُرْحٌ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، ثُمَّ أَصَابَهُ احْتِلَامٌ ، فَأُمِرَ بِالِاغْتِسَالِ ، فَاغْتَسَلَ ، فَكَزَّ فَمَاتَ ، فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ؟ فَقَالَ : " قَتَلُوهُ قَتَلَهُمُ اللَّهُ ! أَلَمْ يَكُنْ شِفَاءَ الْعِيِّ السُّؤَالُ ؟! " قَالَ عَطَاءٌ : فَبَلَغَنَا أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ سُئِلَ عَنْ ذَلِكَ ، فَقَالَ " لَوْ غَسَلَ جَسَدَهُ وَتَرَكَ رَأْسَهُ حَيْثُ أَصَابَهُ الْجُرْحُ

বাংলা

৭০৯(৭). আবু মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আতা ইবনে আবু রাবাহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি ইবনে আব্বাস (রাঃ)-কে খবর দিতে শুনেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে এক ব্যক্তি আহত হলো, তারপর তার স্বপ্নদোষ হলো। তাকে গোসল করতে বলা হলে সে গোসল করলো এবং ফলে অসুস্থ হয়ে মারা গেল। এ খবর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পৌছলে তিনি বলেনঃ তারা তাকে হত্যা করেছে, আল্লাহ তাদের হত্যা করুন; অজ্ঞতার প্রতিশেধক কি জিজ্ঞাসা (করে জেনে নেয়া) নয়? আতা (রহঃ) বলেন, আমরা জানতে পেরেছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেনঃ যদি সে তার মাথার ক্ষতস্থান ব্যতীত শরীর ধৌত করতো তবে তা তার জন্য যথেষ্ট হতো।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80498

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন